



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
রাজশাহী-৬২০৪, বাংলাদেশ।

(টেলিফোন: +৮৮-০২৫৮৮৮-৬৬৭৯৮, ফ্যাক্স: +৮৮-০২৫৮৮৮-৬৭১০৫)  
E-mail: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

স্মারক নং-৪১৩৬

তারিখ: ২১ চৈত্র, ১৪৩২।  
০৪ এপ্রিল, ২০২৬।

-ঃ পিএইচ.ডি/এম.এসসি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং/পিজিডি ভর্তি বিজ্ঞপ্তি ঃ-

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (ICT) ও ইনস্টিটিউট অব এনার্জি এন্ড এনভায়রনমেন্টাল স্টাডিজ (IEES)-তে পিএইচ.ডি/এম.এসসি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং/ পিজিডি (Post Graduate Diploma) প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে Online Portal- এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- (১) ICT ও IEES-এ এম.এসসি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে (ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাতে জিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ পেয়ে পাশ করতে হবে) ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে চার বছর মেয়াদী বিএসসি(ইঞ্জিনিয়ারিং/সায়েন্স)বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ২.৭৫ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.০০ পেয়ে এমএসসি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে

অথবা

সংশ্লিষ্ট ডিসিপ্লিনে PGD ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে B.Sc. Engg./B.Sc. Ag./B.Sc. Econ. or B.Sc./ B.S.S. degree/ M.A. or M.Sc. or M.S.S degree/ BURP/B.Arch. degree বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.৭৫ পেতে হবে।

- (২) ICT ও IEES-এ PGD (Post Graduate Diploma) কোর্সে ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমতুল্য পর্যায়ে যে কোন একটিতে জিপিএ ৫.০০-এর মধ্যে কমপক্ষে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে, তবে কোন পরীক্ষাতে জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ এর নিচে /৩য় বিভাগ গ্রহণযোগ্য নয় এবং কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে B.Sc. Engg./ B.Sc. Ag/ B.Sc. Econ অথবা B.Sc./BSS Degree/M.A অথবা M.Sc. অথবা MSS Degree/ BURP/ B. Arch. ডিগ্রী বা সমতুল্য ডিগ্রীতে ৪.০০ এর মধ্যে ২.৫০ পেতে হবে।
- (৩) দরখাস্তের সাথে SSL সার্ভিসের মাধ্যমে ১,০০০/= (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে।
- (৪) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.pg.ruet.ac.bd) হতে Online-এর মাধ্যমে ভর্তি ফরম পূরণপূর্বক ০৬.০৪.২০২৬ খ্রি. হতে ২৭.০৪.২০২৬ খ্রি. মধ্যে আবেদন করতে হবে। সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট-এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম-এর সত্যায়িত ফটোকপি ওয়েবসাইট লিংকে জমা দিতে হবে। তবে পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত শিক্ষার্থীদের সিলেবাস/কারিকুলাম-এর ফটোকপি জমা দিতে হবে না।
- (৫) যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ : ০২.০৫.২০২৬ খ্রি.।
- (৬) ভর্তি পরীক্ষা গ্রহণ ০৯.০৫.২০২৬ খ্রি.।
- (৭) ফলাফল প্রকাশ : ১১.০৫.২০২৬ খ্রি.।
- (৮) সকল নির্বাচিত প্রার্থীকে (স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে গণ্য হলে) PGD- এর নির্ধারিত ভর্তি ফি= ১২,০০০/- (বার হাজার) টাকা এবং পিএইচ.ডি/এম.এসসি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং-এর নির্ধারিত ফি=২০,৫০০/- (বিশ হাজার পাঁচশত) টাকা প্রদানপূর্বক ১৯.০৫.২০২৬ খ্রি. মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে হবে এবং শিক্ষা শাখায় কাগজ-পত্রাদি জমা দিতে হবে।
- (৯) ক্লাস শুরু : ০৭.০৬.২০২৬ খ্রি.।
- (১০) চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (১১) প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।
- (১২) চাকুরীরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খন্ডকালীন ছাত্র হিসাবেও ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- (১৩) চাকুরীরত পিএইচ.ডি প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ০১ (এক) বছরের ছুটি নিতে হবে।
- (১৪) বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত ভর্তিচলু প্রার্থীদের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো প্রযোজ্য হবে।
- (ক) বিশ্ববিদ্যালয়টি ইউজিসি কর্তৃক অনুমোদিত হতে হবে।
- (খ) রুয়েটের সাথে উক্ত বিশ্ববিদ্যালয়ের সিলেবাস এবং ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

০৪.০৪.২০২৬  
(আরিফ আহম্মদ চৌধুরী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-৪১৩৬/৫০

তারিখ: ২১ চৈত্র, ১৪৩২।  
০৪ এপ্রিল, ২০২৬।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ

- ১। সকল ডিন/ইস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। রেজিস্ট্রার, বুয়েট/চুয়েট/কুয়েট/ডুয়েট ও সকল বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, আইসিটি সেল, অত্র বিশ্ববিদ্যালয় (ভর্তি বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৫। হলসহ সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।
- ৭। নথি।

০৪.০৪.২০২৬  
(মুহাম্মদ সাইদুল ইসলাম)  
সিনিয়র সহকারী রেজিস্ট্রার  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।